

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০৪.০৩.০০৮.১৭.১৩১

তারিখ: ২১ অগ্রহায়ণ ১৪২৪

০৫ ডিসেম্বর ২০১৭

বিষয়: টাঙ্গাইল জেলার ভূঞাপুর উপজেলাধীন আমুলা দাখিল মাদরাসার ইবতেদায়ি প্রধান জনাব মোঃ আবদুল বারী এর বেতন স্কেল ও বেতন কোড সংশোধনের নিমিত্ত প্রয়োজনীয় তথ্য প্রমানক প্রেরণ প্রসঙ্গে।

সূত্র: জেলা শিক্ষা অফিসার টাঙ্গাইল এর স্মারক নং জেশিঅ/টাং-৮৯১, তারিখ: ১৩/০৭/২০১৭খ্রি.
টাঙ্গাইল জেলার ভূঞাপুর উপজেলাধীন আমুলা দাখিল মাদরাসার ইবতেদায়ি প্রধান জনাব মোঃ আবদুল বারী (ইনডেক্স নং ৬৪৩৬৮২) এর বেতন স্কেল ১০,২০০/- এবং কোড নং ১৪ এর পরিবর্তে এমপিও শীটে বেতন স্কেল রয়েছে ১২,৫০০/- টাকা এবং বেতন কোড ১১। উক্ত ভুল বেতন স্কেল ও বেতন কোড সংশোধনের জন্য বর্ণিত মাদরাসার সুপার কর্তৃক একখানা আবেদন জেলা শিক্ষা অফিসারের মাধ্যমে অত্র দপ্তরে দাখিল করা হয়েছে।
০২। আবেদনপত্রের সাথে সংযুক্ত প্রমাণক থেকে এ বিষয়ে পূর্ণাঙ্গ তথ্য পাওয়া সম্ভব হচ্ছে না। সুপারের আবেদনটি (স্কেল সংশোধন সংক্রান্ত) নিষ্পত্তির জন্য পূর্ণাঙ্গ তথ্য আবশ্যিক। এ জন্য নিম্নলিখিত তথ্যাদি প্রয়োজন:
(ক) সংশ্লিষ্ট শিক্ষকের নিয়োগ সংশ্লিষ্ট কাগজপত্রাদি (যেমন: নিয়োগ সিদ্ধান্তের কপি, নিয়োগ বিজ্ঞপ্তির পত্রিকা কপি, নিয়োগের জন্য বর্ণিত শিক্ষকের আবেদনের কপি, নিয়োগ পরীক্ষার উত্তরপত্র, নিয়োগ বোর্ড কর্তৃক প্রদত্ত ফলাফল শীটের মূল কপি, নিয়োগের জন্য গৃহীত রেজুলেশন কপি, নিয়োগ ও যোগদানের মূল কপি);
(খ) এমপিও সংক্রান্ত কাগজপত্রাদি (যেমন: প্রথম এমপিও ভুক্তির আবেদনের কপি, প্রাপ্ত প্রথম এমপিও-র কপি, এমপিও প্রাপ্তির পর প্রথম মাসের বেতন বিবরণীর কপি);
(গ) এমপিও কপিতে কোন মাস থেকে ভুল পরিলক্ষিত হয়েছে সে সংক্রান্ত তথ্য? (প্রমাণকসহ);
(ঘ) বর্ণিত শিক্ষক কর্তৃক প্রকৃত পক্ষে প্রাপ্য বেতনের অতিরিক্ত অর্থ উত্তোলিত (over drawn) হয়েছে কীনা? (ব্যাকের প্রত্যয়নসহ);
(ঙ) কত দিন যাবৎ এ রূপ ভুল এমপিও-র মাধ্যমে বেতন আহরন করা হয়েছে? (বছর ও মাস উল্লেখ ক্রমে);
(চ) ভুল এমপিও দ্বারা বেতন নেওয়া সত্ত্বেও এতদিন সংশোধনের উদ্যোগ না নিয়ে বর্তমানে এমপিও শীটে সংশোধনের প্রয়োজনীয়তা দেখা দেওয়ার কারণ কি?;
(ছ) সংশোধনের জন্য বর্ণিত শিক্ষকের নিজ হাতে লেখা আবেদন (সভাপতি কর্তৃক প্রতিস্বাক্ষরিত)।
০৩। বর্ণিত শিক্ষকের বেতন স্কেল ও বেতন কোড সংশোধনের আবেদনটি নিষ্পত্তি করার নিমিত্ত অনুচ্ছেদ ০২-এ চাহিত তথ্যাদি আগামী ১৯.১২.২০১৭খ্রি. তারিখের দাখিল করার জন্য নির্দেশক্রমে মহোদয়কে অনুরোধ করা হলো।



৫-১২-২০১৭

ড. মোঃ আঃ মান্নান মোল্লা
সহকারী পরিচালক

সুপার
আমুলা দাখিল মাদরাসা, ভূঞাপুর, টাঙ্গাইল

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০৪.০৩.০০৮.১৭.১৩১/১(৩)

তারিখ: ২১ অগ্রহায়ণ ১৪২৪
০৫ ডিসেম্বর ২০১৭

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলঃ

- ১) সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
- ২) জেলা শিক্ষা কর্মকর্তা, জেলা শিক্ষা অফিস, টাঙ্গাইল
- ৩) সংরক্ষণ নথি, মাশিঅ

mm

৫-১২-২০১৭

ড. মোঃ আঃ মান্নান মোল্লা
সহকারী পরিচালক